# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৫৬৬/ঢাকা/৮১৪(ক) তারিখ : ৩১/০৮/২০২৫

বিষয় ঃ <u>৬ষ্ঠ থেকে ৮ম শ্রেনি পর্যন্ত ইংরেজি ভার্সনে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিমোক্ত শর্তসাপেক্ষে 'লিবার্টি ইন্টারন্যাশনাল স্কুল' বিদ্যালয়টিকে ০১/০১/২০২৫ তারিখ হতে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেনি পর্যন্ত বাংলা ভার্সনের পাশাপাশি ইংরেজি ভার্সনে পাঠদানসহ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহনের জন্য অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

১। এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নাম অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে।
৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
৪। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৫। বিদ্যালয়ের জেএসসি পরীক্ষার্থী ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক পাঠদানের বিষয় বিবেচনা করা হবে।
৬। সরকারী নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৭। শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধিমালা অনুসরন করতে হবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন- ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
১০। এই অনুমতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায় দায়িত্ব বর্তাবে না।
১১। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
১২। সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
১৪। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
১৫। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:
প্রফেসর প্রফেসর কাজী ফয়জুর রহমান
আইডি নং-০০৯২৫১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক
লিবার্টি ইন্টারন্যাশনাল স্কুল
পো: জয়পাড়া,উপজেলা: দোহার,
জেলা: ঢাকা।

মেমো নং: ৮১৪(ক)(৭) তারিখ: ৩১/০৮/২০২৫

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ঢাকা।
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।